গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনার (আপীল)-এর কার্যালয়
**কর আপীল অঞ্চল-৪ ঢাকা**
**রাজস্ব ভবন (১২ তলা)**
প্লট-এফ ১/এ, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.taxappealzone4dhaka.gov.bd

নথি নং:-২০/কআঅ-৪/ককক/নিয়োগ/২০২৩-২৪/১২৯১ তারিখ: ০৫/০২/২০২৪ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৭১/১(৭), তারিখঃ ১১-০৩-২০২১ এবং স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১১৪/১(৩), তারিখঃ ২৯-০৩-২০২৩ কর্তৃক যথাক্রমে জনবল নিয়োগের ছাড়পত্র এবং সময় বর্ধিতকরণের পত্রের পরিপ্রেক্ষিতে কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-৪, ঢাকা এর অধীনে নিম্নেবর্ণিত শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে ঢাকা ও সিলেট বিভাগের অন্তর্গত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে শর্তসাপেক্ষে অনলাইনে (**http://taz4.teletalk.com.bd** ওয়েবসাইটে) আগামী ২৫/০২/২০২৪ তারিখ অপরাহ্ন ৪: ০০ ঘটিকার মধ্যে আগ্রহী প্রার্থীদের আবেদন পত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অনলাইন (**Online**) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) বেতন স্কেল-১০২০০/- হতে ২৪৬৮০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ)কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং<br>ঘ) সাঁটলিপি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজী-৭০ ও বাংলা-৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজী-৩০ ও বাংলা-২৫ শব্দ। | মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, শরীয়তপুর, কিশোরগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা ও সিলেট বিভাগের সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ২। | (অফিস সহায়ক) (গ্রেড-২০) বেতন স্কেল-৮,২৫০/- হতে ২০,০১০/- | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা ও সিলেট বিভাগের সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |

# #  আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে আবশ্যকীয় নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে ঃ

১। সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়সসীমা ৩১/০১/২০২৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হইতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা (নাতি- নাতনী) এতিম ও শারীরিক প্রতিবন্ধীর প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ১৮-৩২ বছর।

২। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান কিংবা সন্তানের পুত্র/কন্যা হলে আবেদন পত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে কর বিভাগে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

০৫। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**
মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত **(ক্রমিক নং ক হতে জ পর্যন্ত)** কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা উক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant’s Copy) ও (Admit Card) ।

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি।

০৬। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৭। সরকারী কর্মচারী নিয়োগ সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৮। নিয়োগের বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

০৯। লিখিত পরীক্ষা তারিখ ও সময়সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া কর আপীল অঞ্চলের নোটিশবোর্ড ও ওয়েবসাইটে (www.taxappealzone4dhaka.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ এবং সময়সূচী কর আপীল অঞ্চল-৪, ঢাকার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১০। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিটি কর আপীল অঞ্চল-৪, ঢাকার ওয়েব সাইট www.taxappealzone4dhaka.gov.bd তে পাওয়া যাবে।

১২। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শুন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৪। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৬। এই নিয়োগের ক্ষেত্রে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন বা যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন।

১৭। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও আবেদনের সময়সীমা নিম্নরূপ :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://taz4.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৫/০২/২০২৪ ইং, সকাল-১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০২/২০২৪ ইং, বিকাল-৪:০০ ঘটিকা।

iii. উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেত Online- এ আবেদনপত্র করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদনের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য, স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং -১ এর প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত টাকা) ও teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং-২ এর প্রার্থীর জন্য-১০০/- ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।”

**SMS এর নিয়মাবলী :**

**প্রথম SMS :** TAZ4<space> User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAZ4 ABCDEF

Reply: Applicant's Name, 223 or 112 Tk will be charged as Application fee. Your PIN is 12345678. To pay fee Type TAZ4<space>Yes<space>PIN and send to16222.

**দ্বিতীয় SMS :** TAZ4<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAZ4 Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TAZ4 Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. SMS- এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://taz4.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID** জানা থাকলে ঃ TAZ4 <space>Help<space>User<space>UserID & send to16222.
Example: TAZ4 Help User ABCDEF & send to 16222..

ii. **PIN Number** জানা থাকলে ঃ TAZ4<space>Help<space>PIN<space>PIN No & send to16222.

Example: TAZ4 Help PIN 12345678 & send to 16222.

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.taxappealzone4dhaka.gov.bd ওয়েবসাইটে http://taz4.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/TAZ4 ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঠ. Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন অথবা vas.query@teletalk.com.bd বা appealone4@yahoo.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটক এর ফেজবুক পেজ https://WWW.facebook.com/alljobsbd.teletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject Organization Name: Taxes Appeal Zone-4, Dhaka. Post Name....................Applicant's User ID Contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

স্বাক্ষরিত-০৫/০২/২০২৪
(সেহেলা সিদ্দিকা)
যুগ্ম কর কমিশনার
আপীল রেঞ্জ-৩
কর আপীল অঞ্চল-৪,ঢাকা
এবং
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর আপীল অঞ্চল-৪ ঢাকা।